রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক
প্রধান কার্যালয়, রাজশাহী
ঋণ ও অগ্রিম বিভাগ-১

ঋওঅবি-১ সার্কুলার নং-০৭/২০২২ তারিখ: ০৪.০৯.২০২২

বিষয়: করোনা মহামারি প্রেক্ষাপটে ক্ষতিগ্রস্ত সিএমএসএমই খাতে সরকারের প্রণোদনা প্যাকেজের আওতায় এসএমই ফাউন্ডেশন কর্তৃক গঠিত 'রিভলভিং ফান্ড' হতে ঋণ বিতরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে ঋণ ও অগ্রিম বিভাগ-১ কর্তৃক ১২.১০.২০২১ তারিখে জারীকৃত ঋওঅবি-১ সার্কুলার নং-০৮ এর প্রতি সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করা হলো।

উল্লিখিত সার্কুলারের মাধ্যমে করোনাভাইরাসের প্রাদুর্ভাবের ফলে দেশের উত্তর-পশ্চিমাঞ্চলের ক্ষতিগ্রস্ত কুটির, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারী উদ্যোক্তাদের অনুকূলে ঋণ সুবিধা তরান্বিতকরণ ও সম্প্রসারণের লক্ষ্যে এসএমই ফাউন্ডেশন কর্তৃক বরাদ্দকৃত তহবিলের আওতায় ঋণ কার্যক্রম পরিচালনার প্রয়োজনীয় দিকনির্দেশনা প্রদান করা হয়। করোনাভাইরাস পরিস্থিতিতে দেশের অর্থনৈতিক পুনরুদ্ধার ও গ্রামীণ/পল্লী অঞ্চলের প্রান্তিক জনগোষ্ঠীর জীবনমান উন্নয়নে সিএমএসএমই উদ্যোগে ঋণ সুবিধা সম্প্রসারণের লক্ষ্যে প্রণোদনা প্যাকেজের আওতায় সরকার কর্তৃক এসএমই ফাউন্ডেশনের অনুকূলে দুই দফায় ৩০০ (তিনশত) কোটি টাকা ছাড় করা হয়। করোনাভাইরাস প্রভাব পরবর্তী পরিস্থিতি বিবেচনায় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের ২২.০৮.২০২১ তারিখের ০৭.১০১.০২০.০৩.০৯.০০৪.২০২০-২৮ নম্বর প্রজ্ঞাপন অনুযায়ী এসএমই ফাউন্ডেশন কর্তৃক উল্লিখিত ৩০০ (তিনশত) কোটি টাকার (সুদসহ) একটি 'রিভলভিং ফান্ড' গঠন করা হয়। এসএমই ফাউন্ডেশনের ক্রেডিট হোলসেলিং কর্মসূচির আওতায় অংশীদার ব্যাংক হিসেবে গ্রামীণ ও প্রান্তিক পর্যায়ের ক্ষতিগ্রস্ত কুটির, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারী উদ্যোক্তাদের অনুকূলে ঋণ বিতরণের উদ্দেশ্যে ১১.০৮.২০২২ তারিখে এসএমই ফাউন্ডেশন এবং রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক এর মধ্যে একটি দ্বিপাক্ষিক চুক্তিনামা স্বাক্ষরিত হয়। উল্লিখিত চুক্তির শর্তাবলীর অনুবৃত্তিক্রমে ২৮.০৮.২০২২ তারিখে অনুষ্ঠিত রাকাব, পরিচালনা পর্ষদের ৫৫২তম সভার অনুমোদনক্রমে ইতোপূর্বে জারীকৃত এতদসংক্রান্ত নির্দেশনাসমূহ সমন্বয় ও নতুন নির্দেশনা সংযোজনপূর্বক নিম্নরূপ একীভূত নীতিমালা ও ঋণ নিয়মাচার জারী করা হলো:

১. প্যাকেজের নাম:

করোনাভাইরাস প্রভাব পরবর্তী পরিস্থিতি মোকাবেলায় এসএমই ফাউন্ডেশন কর্তৃক গঠিত 'রিভলভিং ফান্ড' এর আওতায় কুটির, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারী উদ্যোক্তাদের জন্য বিশেষ সিএমএসএমই প্যাকেজ।

২. চুক্তিকৃত অর্থের পরিমাণ ও মেয়াদ:

আলোচ্য প্যাকেজের আওতায় ঋণ বিতরণের লক্ষ্যে এসএমই ফাউন্ডেশন কর্তৃক রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক এর অনুকূলে সর্বমোট ২০ (বিশ) কোটি টাকা তহবিল বরাদ্দ প্রদান করা হয়েছে (জোন পর্যায়ে বরাদ্দকৃত তালিকা সংযোজনী-'ক'-তে দেখানো হলো)। চুক্তির মেয়াদকাল ০৫ (পাঁচ) বছর, যা চুক্তি স্বাক্ষরের তারিখ হতে কার্যকর মর্মে গণ্য হবে।

৩. তহবিলের ব্যবহার:

৩.১ করোনাভাইরাস পরিস্থিতিতে ক্ষতিগ্রস্ত কুটির, মাইক্রো ও ক্ষুদ্র উদ্যোক্তাদের ব্যবসা চালু রাখা বা পরিচালনার জন্য চলতি মূলধন ঋণ (ওয়ার্কিং ক্যাপিটাল), প্রযুক্তি উন্নয়ন ও আত্মীকরণ, আইসিটির ব্যবহার, মূলধনী যন্ত্রপাতি আমদানি এবং ব্যবসা সম্প্রসারণের লক্ষ্যে এ প্যাকেজের আওতায় ঋণ বিতরণ করা যাবে;

৩.২ অনুৎপাদনশীল খাত যেমন: মুদি দোকান, ঔষধ বিক্রেতা, হার্ডওয়ার বিক্রেতা এবং পরিবেশ দূষণকারী যেমন: ইটভাটা, তামাকজাত দ্রব্য বিক্রেতা বা জনস্বাস্থ্যের জন্য হুমকিস্বরূপ অথবা রাষ্ট্রীয় আইন দ্বারা নিষিদ্ধ কোনো প্রতিষ্ঠানকে এ কর্মসূচির আওতায় ঋণ সুবিধা প্রদান করা যাবে না;

৩.৩ ঋণ খেলাপী উদ্যোক্তা এ প্যাকেজের আওতায় ঋণ সুবিধা প্রাপ্তির অযোগ্য মর্মে বিবেচিত হবে। গ্রাহকের বিদ্যমান ঋণ (ব্যাক্তিগত ঋণসহ) সমন্বয় বা ঋণ টেকওভারের উদ্দেশ্যে এ প্যাকেজের আওতায় ঋণ প্রদান করা যাবে না।

(চলমান পাতা-২)

ঋণঅবি-১ সার্কুলার নং-০৭/২০২২ তারিখ: ০৪.০৯.২০২২

৪. চুক্তির আওতাভুক্ত এসএমই উপখাত, ক্লাস্টার, অঞ্চল এবং গ্রুপ:

চুক্তির আওতায় নিম্নবর্ণিত এসএমই উপখাত, ক্লাস্টার এবং রাজশাহী ও রংপুর বিভাগের বিভিন্ন অঞ্চলে অবস্থিত পণ্য উৎপাদন, সরবরাহ ও ভ্যালুচেইন সংশ্লিষ্ট (বিপণনসহ) মাইক্রো ও ক্ষুদ্র উদ্যোক্তাদের অনুকূলে ঋণ প্রদান করা যাবে:

- অগ্রাধিকারভুক্ত এসএমই সাব-সেক্টর এবং দেশে উৎপাদিত পণ্যের ভ্যালু চেইনের আওতাভুক্ত উদ্যোক্তা;
- নারী উদ্যোক্তা;
- নতুন উদ্যোক্তা অর্থাৎ যারা এখনো ব্যাংক হতে ঋণ সুবিধা গ্রহণ করেননি;
- পশ্চাদপদ অঞ্চল, উপজাতীয় অঞ্চল, শারিরীকভাবে অক্ষম এবং তৃতীয় লিঙ্গের উদ্যোক্তা;
- ট্রেডবডি, এসএমই সংগঠন, নারী উদ্যোক্তা সংগঠন, নাসিব ও ক্লাস্টার ইত্যাদি অ্যাসোসিয়েশনের সদস্য উদ্যোক্তা;
- রাজশাহী ও রংপুর বিভাগে স্থায়ীভাবে বসবাসরত সম্ভাবনাময় ক্লাস্টারের উদ্যোক্তা।

৫.বিশেষ অগ্রাধিকার:

ঋণের গ্রাহক নির্বাচন ও ঋণ বিতরণের ক্ষেত্রে অগ্রাধিকারভিত্তিতে নিম্নবর্ণিত শর্ত/নির্দেশনাসমূহ অনুসরণীয় হবে:

- গ্রামীণ ও প্রান্তিক নারী উদ্যোক্তাদের বিশেষ অগ্রাধিকার প্রদান করতে হবে;
- মোট বরাদ্দকৃত লক্ষ্যমাত্রার ন্যূনতম ২৫% নারী উদ্যোক্তাদের অনুকূলে বিতরণ করতে হবে;
- কেবলমাত্র নারী উদ্যোক্তাদের ক্ষেত্রে ম্যানুফ্যাকচারিং ও সার্ভিসের পাশাপাশি দোকান বা 'শো-রুম' রয়েছে এরূপ ব্যবসা (ট্রেডিং) উদ্যোগে ঋণ সুবিধা প্রদান করা যাবে, তবে তা কোনক্রমেই নারী উদ্যোক্তাদের অনুকূলে প্রদত্ত মোট ঋণের ৪০% এর অধিক হবে না;
- প্রান্তিক পর্যায়ের ক্ষুদ্র উদ্যোক্তাদের ঋণ প্রাপ্তির সুযোগ সৃষ্টির লক্ষ্যে বরাদ্দকৃত মোট তহবিলের নূন্যতম ৩০% তহবিল ১০.০০ (দশ) লক্ষ বা তদনিম্ন ঋণ সীমার মধ্যে বিতরণ করতে হবে;
- বরাদ্দকৃত মোট তহবিলের নূন্যতম ১০% ক্লাস্টার এবং ক্লাস্টারের ভ্যালু চেইনের উদ্যোক্তাদের অনুকূলে বিতরণ করতে হবে;
- মোট বরাদ্দকৃত তহবিলের ন্যূনতম ৫০% উৎপাদনশীল খাতে ঋণ হিসেবে বিতরণ করতে হবে এবং ক্লাস্টার ও ভ্যালু চেইনের উদ্যোক্তাদের ক্ষেত্রে সর্বোচ্চ ২৫% ঋণ ব্যবসা (ট্রেডিং) খাতে প্রদান করা যাবে (ভ্যালু চেইন বলতে সংশ্লিষ্ট খাতের সঙ্গে জড়িত ফরওয়ার্ড ও ব্যাকওয়ার্ড লিংকেজ ব্যবসাকে বুঝাবে। যেমন: চামড়াজাত পণ্যের ক্ষেত্রে প্রয়োজনীয় কাঁচামাল, প্রক্রিয়াজাতকৃত চামড়া, সুতা, রং, স্ক্রিন প্রিন্ট, প্যাকেজিং, খুচরা যন্ত্রাংশ বিক্রেতা, সরবরাহকারী এবং উৎপাদিত চামড়াজাত পণ্য পাইকারী ও খুচরা বিক্রেতা);
- এসএমই ফাউন্ডেশনের প্রশিক্ষণ প্রাপ্ত উদ্যোক্তাদেরকে অগ্রাধিকার প্রদান করতে হবে;
- রাজশাহী ও রংপুর বিভাগের ট্রেডবডি, এসএমই অ্যাসোসিয়েশন, নারী উদ্যোক্তা সংগঠন, নাসিব, ক্লাস্টারসহ অন্যান্য এসোসিয়েশনের উদ্যোক্তাদের আবেদন গুরুত্ব সহকারে নিষ্পত্তি করতে হবে।

(চলমান পাতা-৩)

ঋওঅবি-১ সার্কুলার নং-০৭/২০২২ তারিখ: ০৪.০৯.২০২২

৬. গ্রাহক পর্যায়ে ঋণের পরিমাণ:

গ্রাহক পর্যায়ে ঋণের পরিমাণ হবে ন্যূনতম ১.০০ (এক) লক্ষ টাকা হতে সর্বোচ্চ ৩০.০০ (ত্রিশ) লক্ষ টাকা পর্যন্ত।

৭. ঋণের জন্য আবেদন এবং ঋণ মঞ্জুরি:

লক্ষ্যমাত্রা অনুযায়ী এসএমই সাব-সেক্টর, ক্লাস্টার, পিছিয়ে থাকা অঞ্চল এবং গ্রুপের আগ্রহী উদ্যোক্তারা ঋণের জন্য ব্যাংকের শাখাসমূহে সরাসরি আবেদন করবেন। ঋণ আবেদনের প্রেক্ষিতে উদ্যোক্তাদের অনুকূলে প্রয়োজনীয় ডকুমেন্টের একটি চেকলিস্ট সরবরাহ করতে হবে। আবেদনপত্র প্রাপ্তির পর অগ্রাধিকারভিত্তিতে ঋণ মঞ্জুরি ও বিতরণের উদ্যোগ গ্রহণ করতে হবে। সুনির্দিষ্ট কোনো কারণ না থাকলে, প্রয়োজনীয় ডকুমেন্টসহ 'পূর্ণাঙ্গ ঋণ আবেদনপত্র' ব্যাংকের নিকট দাখিলের সর্বোচ্চ ১৫ কর্মদিবসের মধ্যে ব্যাংক কর্তৃক গ্রাহকের অনুকূলে ঋণ মঞ্জুরি ও বিতরণ করতে হবে। কোনো কারণে ১৫ কর্মদিবসের মধ্যে ঋণ মঞ্জুরি ও বিতরণ করা সম্ভব না হলে, ঋণ মঞ্জুরি না হওয়ার কারণ এবং এ বিষয়ে কোনো পরামর্শ থাকলে, তা উল্লেখপূর্বক ব্যাংক কর্তৃক উদ্যোক্তাকে বিষয়টি অবহিত করতে হবে।

৮. ঋণ আবেদন নাকচকরণ:

আবেদনের ক্ষেত্রে প্রয়োজনীয় কোনো ডকুমেন্ট বা কাগজপত্রের ঘাটতি কিংবা কোনো অসম্পূর্ণতা থাকলে সংশ্লিষ্ট ঋণ আবেদনকারীকে সর্বোচ্চ ৫ (পাঁচ) কর্মদিবসের মধ্যে অবহিত করতে হবে এবং নির্দিষ্ট সময়সীমা উল্লেখ করে তা দাখিল/প্রতিপালনের জন্য পরামর্শ প্রদান করতে হবে। সংশ্লিষ্ট উদ্যোক্তা/আবেদনকারী উক্ত সময়সীমার মধ্যে প্রয়োজনীয় তথ্যাদি/কাগজপত্রাদি সরবরাহ করতে ব্যর্থ হলে আবেদনপত্র নাকচ মর্মে গণ্য হবে।

৯. এসএমই ফাউন্ডেশন কর্তৃক প্রেরিত ঋণ আবেদন/তালিকা মূল্যায়ন:

এসএমই ফাউন্ডেশন এবং বিভিন্ন উদ্যোক্তা অ্যাসোসিয়েশন ও ট্রেডবডি কর্তৃক প্রেরিত উদ্যোক্তাদের তালিকা/ঋণ আবেদনসমূহ প্রচলিত যাবতীয় বিধি-বিধান যথাযথভাবে পরিপালন সাপেক্ষে গুরুত্বের সঙ্গে নিষ্পত্তি করতে হবে।

১০. ঋণের জামানত:

এ কর্মসূচির আওতায় জামানতবিহীন ঋণ বিতরণকে উৎসাহিত করতে হবে। জামানতবিহীন ঋণ প্রদানের ক্ষেত্রে ঋণ ও অগ্রিম বিভাগ-১ কর্তৃক ১৩.০৯.২০২০ তারিখে জারীকৃত ঋওঅবি-১ সার্কুলার নং-১০/২০২০ এর ৬ নম্বর অনুচ্ছেদের নির্দেশনা মোতাবেক পুরুষ উদ্যোক্তাদের ক্ষেত্রে সর্বোচ্চ ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা এবং নারী উদ্যোক্তাদের ক্ষেত্রে সর্বোচ্চ ৩,৫০,০০০/- (তিন লক্ষ পঞ্চাশ হাজার) টাকা ঋণ প্রদান করা যাবে। জামানতবিহীন ঋণ প্রদানের ক্ষেত্রে উল্লিখিত সার্কুলারের অন্যান্য নির্দেশনাবলী যথাযথভাবে পরিপালন করতে হবে।

১১. গ্রুপভিত্তিক ঋণ:

প্রান্তিক পর্যায়ের মাইক্রো ও ক্ষুদ্র উদ্যোক্তা, বিশেষ করে নারী উদ্যোক্তাদের ঋণের আওতায় আনার লক্ষ্যে ব্যাংকার-কাস্টমার সম্পর্ক ও ঐক্যমতের ভিত্তিতে গ্রুপভিত্তিক ঋণ বিতরণ করা যাবে।

১২. ঋণ বিতরণ সময়সীমা:

৩০ জুন ২০২৩ তারিখের মধ্যে চুক্তিকৃত তহবিল সম্পূর্ণ ব্যবহার এবং ঋণ বিতরণ কার্যক্রম সম্পন্ন করার জন্য সম্ভাব্য সকল উদ্যোগ ও সর্বাত্মক পদক্ষেপ গ্রহণ করতে হবে।

১৩. ঋণ মঞ্জুরি ক্ষমতা:

এ প্যাকেজের আওতায় ঋণ মঞ্জুরির ক্ষেত্রে ব্যাংকের 'লেন্ডিং পলিসি ও অপারেশন ম্যানুয়েল' এর ৫ম অধ্যায়ে বর্ণিত সিএমএসএমই খাতে ঋণ ও অগ্রিম মঞ্জুরি ক্ষমতার যথাযথ প্রয়োগ ও বাস্তবায়ন নিশ্চিত করতে হবে।

(চলমান পাতা-৪)

ঋওঅবি-১ সার্কুলার নং-০৭/২০২২ তারিখ: ০৪.০৯.২০২২

১৪. সুদ/মুনাফার হার:

১৪.১ গ্রাহক পর্যায়ে ঋণ/বিনিয়োগের সুদ/মুনাফা হার:
গ্রাহক পর্যায়ে ঋণের সুদের হার হবে সর্বোচ্চ ০৪ (চার) শতাংশ, যা ক্রমহ্রাসমান স্থিতি (Reducing Balance) পদ্ধতিতে হিসাবায়ন করা হবে।

১৪.২ ব্যাংক পর্যায়ে পুনঃঅর্থায়নের বিপরীতে সুদ/মুনাফা হার/সার্ভিস চার্জ:

আলোচ্য কর্মসূচি সরকারের প্রণোদনার আওতায় বাস্তবায়ন করা হবে বিধায়, এসএমই ফাউন্ডেশন কর্তৃক রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক এর অনুকূলে সুদমুক্ত তহবিল প্রদান করা হবে। তবে, ছাড়কৃত তহবিলের ওপর এসএমই ফাউন্ডেশন কর্তৃক ০.৫% হারে সার্ভিস চার্জ আদায় করা হবে, যা ষান্মাষিক ভিত্তিতে হিসাবায়ন করা হবে এবং এসএমই ফাউন্ডেশনের নিজস্ব হিসাব (এসএমই ফাউন্ডেশন জেনারেল একাউন্ট, হিসাব নং ০০৭৩৬০০০৭২৫, ব্যাংক এশিয়া লি., স্কশিয়া শাখা) এ জমা করতে হবে। উল্লিখিত ০.৫% সার্ভিস চার্জ ঋণগ্রহীতার নিকট হতে আদায়কৃত ৪% সুদের সাথে সমন্বয়পূর্বক ব্যাংকের আয় খাতে ৩.৫০% গ্রহণ করতে হবে। প্রধান কার্যালয়ের কেন্দ্রীয় হিসাব বিভাগ-১ এতদবিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে।

১৫. শিডিউল অব চার্জ/অন্যান্য চার্জ:

গ্রাহক পর্যায়ে ঋণ প্রক্রিয়াকরণের জন্য প্রসেসিং ফি ও অন্যান্য চার্জ বিষয়ে সিএমএসএমই ঋণের শিডিউল অব চার্জ এবং ব্যাংক কর্তৃক জারীকৃত এতদসংক্রান্ত সার্কুলার/সার্কুলার লেটারের নির্দেশনাবলী যথাযথভাবে অনুসরণীয় হবে।

১৬. গ্রাহক পর্যায়ে ঋণ পরিশোধের মেয়াদ ও পরিশোধসূচি:

গ্রাহক পর্যায়ে ঋণ পরিশোধের সময়সীমা হবে সর্বোচ্চ ০৩ (তিন) বছর যা সর্বোচ্চ ৩৬ (ছত্রিশ) টি সমান মাসিক কিস্তিতে পরিশোধযোগ্য। ঋণগ্রহীতার সুবিধার্থে ব্যাংকার-গ্রাহক সম্পর্কের ভিত্তিতে সর্বোচ্চ ০৬ (ছয়) মাস পর্যন্ত গ্রেস পিরিয়ড বিবেচনা করা যাবে। তবে গ্রেস পিরিয়ডসহ ঋণ পরিশোধের সময়সীমা কোনক্রমেই ০৩ (তিন) বছরের অধিক হবে না। উৎপাদনশীল শিল্প উদ্যোগের ক্ষেত্রে পণ্য উৎপাদনকালীন সময়ে কাঁচামাল ক্রয়ের জন্য বিশেষ বিবেচনায় স্বল্প মেয়াদী (সর্বোচ্চ ০১ বছর) ঋণ প্রদান করা যাবে যা মেয়াদ শেষে এককালীন পরিশোধযোগ্য হবে।

১৭. গ্রাহক পর্যায়ে ঋণ আদায়/নবায়ন/পুনঃপ্রদান:

আলোচ্য তহবিলের আওতায় বিতরণকৃত ঋণ আদায়ের দায়-দায়িত্ব সংশ্লিষ্ট শাখার উপর বর্তাবে। ঋণগ্রহীতার ব্যবসায়িক লেনদেন সন্তোষজনক বিবেচিত হলে প্যাকেজের আওতায় নির্ধারিত মেয়াদ শেষে ব্যাংকার-গ্রাহক সম্পর্কের ভিত্তিতে ব্যাংকের প্রচলিত/বিদ্যমান নীতিমালার আওতায় ঋণ হিসাব নবায়ন করা যাবে। এ ক্ষেত্রে ব্যাংকের স্বাভাবিক সুদ হার প্রয়োজ্য হবে। নির্ধারিত সময়সীমার মধ্যে বিতরণকৃত ঋণ আদায় সম্ভব না হলে ব্যাংকের বিদ্যমান নীতিমালা অনুযায়ী শ্রেণীকরণপূর্বক যথাযথভাবে প্রভিশন সংরক্ষণ করতে হবে।

১৮. পুনঃঅর্থায়ন প্রাপ্তির আবেদন প্রক্রিয়া:

১৮.১ আলোচ্য তহবিলের আওতায় বিতরণকৃত ঋণের বিপরীতে পুনঃঅর্থায়ন প্রাপ্তির লক্ষ্যে শাখাসমূহ এতদসংক্রান্ত ঋণ বিতরণের বিবরণী নির্ধারিত ছকে (সংযোজনী-১ ও ২) প্রয়োজনীয় তথ্যাদি প্রদানপূর্বক প্রতি মাস অন্তে পরবর্তী মাসের ০৫ তারিখের মধ্যে সংশ্লিষ্ট জোনাল কার্যালয়ে আবেদন দাখিল করবে।

১৮.২ জোনাল কার্যালয়সমূহ উল্লিখিত বিবরণী সংকলনপূর্বক এতদসংক্রান্ত প্রয়োজনীয় তথ্যাদি প্রতি মাস অন্তে পরবর্তী মাসের ০৭ তারিখের মধ্যে প্রধান কার্যালয়ের ঋণ ও অগ্রিম বিভাগ-১ এ প্রেরণ নিশ্চিত করবে।

১৮.৩ নির্ধারিত সময়ের মধ্যে পুনঃঅর্থায়ন প্রাপ্তির তথ্যাদি প্রধান কার্যালয়ে প্রেরণ না করা হলে অথবা কোন ভুল তথ্য প্রদান করা হলে এতদসংক্রান্ত আর্থিক ক্ষতির দায়দায়িত্ব সংশ্লিষ্ট শাখা/জোনাল ব্যবস্থাপকের উপর বর্তাবে।

(চলমান পাতা-৫)

ঋণঅবি-১ সার্কুলার নং-০৭/২০২২ তারিখ: ০৪.০৯.২০২২

১৯. তহবিল ছাড়:

১৯.১ ব্যাংক কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে উদ্যোক্তা পর্যায়ে ঋণ বিতরণের পূর্বে অথবা পরে এসএমই ফাউন্ডেশনের নিকট হতে চুক্তিকৃত তহবিল সম্পূর্ণ কিংবা আংশিক/কিস্তিতে ছাড় করা যাবে। তবে, তহবিল প্রাপ্তির সর্বোচ্চ ৬০ (ষাট) দিনের মধ্যে ছাড়কৃত তহবিরের সম্পূর্ণ ব্যবহার অর্থাৎ উদ্যোক্তাদের অনুকূলে ঋণ হিসেবে বিতরণ নিশ্চিত করতে হবে। তহবিল গ্রহণের ৬০ (ষাট) দিনের মধ্যে বিতরণ করা সম্ভব না হলে, অবিতরণকৃত তহবিল পরবর্তী ০৫ (পাঁচ) কর্মদিবসের মধ্যে ৪ (চার) শতাংশ সুদসহ এসএমই ফাউন্ডেশনেকে ফেরত প্রদান করতে হবে।

১৯.২ আলোচ্য কর্মসূচির আওতায় এসএমই ফাউন্ডেশন কর্তৃক তহবিল ছাড়ের তারিখ হতে ষান্মাসিক কিস্তিতে তহবিল এর অর্থ পরিশোধ করতে হবে। এক্ষেত্রে প্রথম দফায় তহবিল ছাড়করণের ০৬ (ছয়) মাস পর প্রথম কিস্তি নির্ধারিত হবে এবং অবশিষ্ট কিস্তিসমূহ পরবর্তী সময়ে ছয় মাস অন্তর 'পে-অর্ডার' কিংবা জনতা বাংক লি., ইউজিসি ভবন কর্পোরেট শাখায় রক্ষিত হিসাবে 'ইলেকট্রনিক ফান্ড ট্রান্সফার নেটওয়ার্ক (বিইএফটিএন) এর মাধ্যমে পরিশোধ করতে হবে। তবে তহবিল পরিশোধের ক্ষেত্রে কিস্তির পরিমাণ ও 'সুনির্দিষ্ট পরিশোধসূচি/রিপেমেন্ট সিডিউল' এসএমই ফাউন্ডেশন এবং রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক উভয় পক্ষের যৌথ সম্মতির ভিত্তিতে নির্ধারিত হবে। ব্যাংক পর্যায়ে তহবিল পরিশোধ বিষয়ে প্রধান কার্যালয়ের কেন্দ্রীয় হিসাব বিভাগ-১ প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে।

২০. তহবিল ছাড়ের ক্ষেত্রে প্রয়োজনীয় ডকুমেন্ট:

ব্যাংক পর্যায়ে তহবিল ছাড়ের জন্য এসএমই ফাউন্ডেশনের নিকট আবেদন করার ক্ষেত্রে আবেদনের সমপরিমাণ অর্থের প্রতিশ্রুতি পত্র (Demand Promissory Note) দাখিল করতে হবে।

২১. তহবিল পরিশোধে ব্যর্থতা:

নির্ধারিত পরিশোধসূচি অনুযায়ী তহবিল পরিশোধে ব্যর্থ হলে এসএমই ফাউন্ডেশন কর্তৃক দেশের বিদ্যমান আইন ও নিয়মানুযায়ী প্রয়োজনীয় পদক্ষেপ ও ব্যবস্থা গ্রহণ করা হবে।

২২. ঋণ হিসাবায়ন:

আলোচ্য প্যাকেজের আওতায় বিতরণকৃত ঋণের হিসাবসমূহ নিম্নবর্ণিত প্রোডাক্ট কোড এর মাধ্যমে পরিচালনা করতে হবে:

Product Code	Name of Account
615	SME Foundation Stimulus Loan Revolving Fund

২৩. তথ্য, উপাত্ত ও প্রতিবেদন:

সম্পাদিত চুক্তির আলোকে এ তহবিলের আওতায় বিতরণকৃত ঋণের সার্বিক তথ্যাদি নির্ধারিত সময়ে ও নিয়মিত ভিত্তিতে এসএমই ফাউন্ডেশনকে অবহিত করতে হবে। শাখা/জোনসমূহ কর্তৃক ঋণ বিতরণ ও আদায় বিষয়ক তথ্যাদি নির্ধারিত ফরম্যাট অনুযায়ী প্রধান কার্যালয়ে রিপোর্ট করার পাশাপশি ব্যাংকের MIS/CBS সফটওয়ারের মাধ্যমে নিয়মিতভাবে সরবরাহ/দাখিল করতে হবে।

২৪. দলিলাদি তলব ও প্রকল্প পরিদর্শন:

এ প্যাকেজের আওতায় ঋণপ্রাপ্ত গ্রাহকদের প্রতিষ্ঠানসমূহ সময়ে সময়ে পরিদর্শন, বুকস অব অ্যাকাউন্টস্ এবং অন্যান্য তথ্যাদি যাচাইয়ের মাধ্যমে এসএমই ফাউন্ডেশন ঋণের মনিটরিং এবং মূল্যায়ন করতে পারবে। বিধায় এতদসংক্রান্ত তথ্যাদি মাসিকভিত্তিতে হালনাগাদ রাখতে হবে এবং ফাউন্ডেশন/প্রধান কার্যালয়ের চাহিদা অনুসারে প্রয়োজনীয় তথ্য/উপাত্ত সরবরাহ করতে হবে।

২৫. রহিতকরণ ও হেফাজত:

এসএমই ফাউন্ডেশন কর্তৃক বরাদ্দকৃত তহবিলের আওতায় ঋণ কার্যক্রম পরিচালনা সংক্রান্ত ইতোপূর্বে জারীকৃত ঋণঅবি-১ সার্কুলার নং-০৮/২০২১ এতদ্বারা রহিত করা হলো। উল্লেখ্য, ঋণঅবি-১ সার্কুলার নং-০৮/২০২১ রহিতকরণ স্বত্ত্বেও উল্লিখিত সার্কুলারের আওতায় গৃহিত কার্যক্রম এ সার্কুলারের অধীনকৃত/গৃহিত মর্মে গণ্য হবে।

(চলমান পাতা-৫)

ঋওঅবি-১ সার্কুলার নং-০৭/২০২২ তারিখ: ০৪.০৯.২০২২

২৬. অন্যান্য শর্তাবলী:

২৬.১ এসএমই ফাউন্ডেশন কর্তৃক গঠিত 'রিভলভিং ফান্ড' এর আওতায় বিশেষ সিএমএসএমই প্যাকেজ সংক্রান্ত ঋণ কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে এ সার্কুলারের নির্দেশনাবলী যথাযথভাবে পরিপালন করতে হবে।

২৬.২ এ প্যাকেজের আওতায় ঋণ কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে উপরোল্লিখিত শর্তাদির পাশাপাশি ঋণ ও অগ্রিম বিভাগ-১ কর্তৃক ১৩.০৯.২০২০ তারিখে জারীকৃত ঋওঅবি-১ সার্কুলার নং-১০ এর প্রযোজ্য অন্যান্য নির্দেশনাবলী যথাযথভাবে অনুসরণ করতে হবে।

২৬.৩ ঋণগ্রহীতা নির্বাচন, ডেট-ইক্যুইটি অনুপাত, ঋণ মঞ্জুরি, বিতরণ, দলিলাদি সম্পাদন, ঋণের সদ্ব্যবহার ও তদারকির ক্ষেত্রে ব্যাংকের 'লেন্ডিং পলিসি ও অপারেশন ম্যানুয়েল' এবং এতদসংক্রান্ত অন্যান্য সার্কুলার/সার্কুলার লেটারের নির্দেশনাবলী যথাযথভাবে পরিপালন করতে হবে।

২৬.৪ ঋণ ঝুঁকি নির্ধারণের ক্ষেত্রে ব্যাংক কর্তৃক জারীকৃত 'ক্রেডিট রিস্ক ম্যানেজমেন্ট গাইডলাইন' এবং মানিলন্ডারিং প্রতিরোধ সম্পর্কিত বিধি-বিধানের পরিপালন নিশ্চিতকরণের লক্ষ্যে এতদসংক্রান্ত সার্কুলার/সার্কুলার লেটারসমূহের নির্দেশনাবলী যথাযথভাবে অনুসরণ করতে হবে।

২৬.৫ এ কর্মসূচির সুষ্ঠু বাস্তবায়নের লক্ষ্যে সংশ্লিষ্ট শাখা ও জোনসমূহে সুনির্দিষ্ট কর্মকর্তাকে দায়িত্ব প্রদান করতে হবে।

২৬.৬ আলোচ্য প্যাকেজ সম্পর্কে উদ্যোক্তাদের অবহিতকরণসহ উদ্যোক্তাদের ঋণ গ্রহণের জন্য প্রস্তুত এবং উপযোগী করার লক্ষ্যে এসএমই ফাউন্ডেশন এবং ব্যাংক কর্তৃক যৌথভাবে পর্যাপ্ত প্রচার-প্রচারণা, প্রয়োজনীয় প্রশিক্ষণ, ফাইনান্সিয়াল লিটারেসি, ঋণ ম্যাচমেকিং, ওয়ার্কশপ, সেমিনার ইত্যাদি সহযোগী কর্মসূচি আয়োজন করতে হবে।

২৬.৭ এ প্যাকেজের আওতায় ঋণ কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে এতদসংশ্লিষ্ট ঋণ আবেদন ও মঞ্জুরিপত্রে আবশ্যিকভাবে **'এসএমই ফাউন্ডেশন কর্তৃক পুনঃঅর্থায়নকৃত'** বাক্যটি সংযুক্ত করতে হবে।

২৬.৮ সিএমএসএমই খাতে আলোচ্য প্যাকেজের আওতায় ঋণ কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে এ নীতিমালার শর্তাদির বিষয়ে এসএমই ফাউন্ডেশন কর্তৃক পরবর্তীতে কোন পরিবর্তন/সংশোধন করা হলে তা অনুসৃত হবে।

এ সার্কুলারের নির্দেশনাবলী অবিলম্বে কার্যকর হবে। এ বিষয়ে কোন ব্যাখ্যা/স্পষ্টীকরণের প্রয়োজন হলে ঋণ ও অগ্রিম বিভাগ-১ এর সাথে যোগাযোগ করা যেতে পারে।

অনুমোদনক্রমে-

০৪/০৯/২০২২

(শওকত শহীদুল ইসলাম)
উপ-মহাব্যবস্থাপক

সূত্র নং-প্রকা/ঋওঅবি-১/২৯(SMEF)/২০২২-২০২৩/১৯২(৪৫৪) তারিখ: ০৪.০৯.২০২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো:

০১। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, পর্ষদ সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০২। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০৩। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০৪। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০৫। মহাব্যবস্থাপক মহোদয়ের স্টাফ অফিসার, রাকাব, বিভাগীয় কার্যালয়, রাজশাহী/রংপুর।
০৬। সকল উপ-মহাব্যবস্থাপক, সচিব, বিভাগীয়/ইউনিট/সেল প্রধান, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০৭। অধ্যক্ষ, রাকাব, প্রশিক্ষণ ইনস্টিটিউট, রাজশাহী।
০৮। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, রাকাব, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, রাজশাহী/রংপুর।
০৯। সকল জোনাল ব্যবস্থাপক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
১০। প্রকল্প পরিচালক, রাকাব-এসইসিপি, সিপিও, রাজশাহী।
১১। সকল জোনাল নিরীক্ষা কর্মকর্তা, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
১২। উপ-মহাব্যবস্থাপক, রাকাব, ঢাকা কর্পোরেট শাখা, ঢাকা/স্থানীয় মুখ্য কার্যালয়, রাজশাহী।
১৩। সকল শাখা ব্যবস্থাপক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
১৪। অফিস নথি/মহানথি।

(শাহনেওয়াজ ছাররে মাহমুদ)
মুখ্য কর্মকর্তা

রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

(সংযোজনী-ক)

প্রধান কার্যালয়, রাজশাহী

ঋণ ও অগ্রিম বিভাগ-১

এসএমই ফাউন্ডেশন হতে প্রাপ্ত তহবিলের আওতায় ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা

(লক্ষ টাকায়)

ক্রমিক নং	জোনের নাম	ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা
১	রাজশাহী	১২০.০০
২	নওগাঁ	১২০.০০
৩	নাটোর	১১০.০০
৪	চাঁপাইনবাবগঞ্জ	১০০.০০
৫	বগুড়া (উঃ)	১০০.০০
৬	বগুড়া (দঃ)	১০০.০০
৭	জয়পুরহাট	১০০.০০
৮	পাবনা	১০০.০০
৯	সিরাজগঞ্জ	১০০.০০
	উপ-সমষ্টি:	৯৫০.০০
১০	রংপুর	১১০.০০
১১	গাইবান্ধা	১০৫.০০
১২	কুড়িগ্রাম	১০৫.০০
১৩	নীলফামারী	১০৫.০০
১৪	লালমনিরহাট	১০৫.০০
১৫	দিনাজপুর (উঃ)	১০৫.০০
১৬	দিনাজপুর (দঃ)	১০৫.০০
১৭	ঠাকুরগাঁও	১০৫.০০
১৮	পঞ্চগড়	১০৫.০০
	উপ-সমষ্টি:	৯৫০.০০
১৯	এলপিও, রাজশাহী	১০০.০০
	সমষ্টি:	২০০০.০০

* উল্লেখ্য, আগামী ৩০.০৬.২০২৩ তারিখের মধ্যে আলোচ্য ঋণ বিতরণ লক্ষ্যমাত্রার শতভাগ অর্জন নিশ্চিত করতে হবে।

০৪.০৭.২০২২

শাহনেওয়াজ ছাররে মাহমুদ
মুখ্য কর্মকর্তা
ঋণ ও অগ্রিম বিভাগ-১
রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক
প্রধান কার্যালয়, রাজশাহী।

০৪.০৭.২০২২

মোঃ রেজাশাহ ওমর চৌধুরী
উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা
ঋণ ও অগ্রিম বিভাগ-১
রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।

Appendix-1

Rajshahi Krishi Unnayan Bank

Monthly Cumulative Statement of Loan Disbursement & Recovery

Name of Month:..

Amount in Tk.

SL#	Clients Name	Address	Mobile No.	Loan Disbursed			Loan Recovered							Loan Outstanding	Loan Overdue	Loan Status	Date of Disburse ment	District	Branch Name	Remarks
				Previous Month(s)	Current Month	Cumulative	Previous Month(s)		Current Month			Cumulative								
							Principal	Interest	Principal	Interest	Total	Principal	Interest							
1	2	3	4	5	6	7	8	9	10	11	12	13	14	15	16	17	18	19	20	21

Signature of the Official(s) of Rajshahi Krishi Unnayan Bank

Rajshahi Krishi Unnayan Bank

Beneficiary Enterprise's Profile

(Please give tick instead of putting data where applicable)

lame of the Program:

1. Basic Information

.1 Name of the Client						
.2 Client Loan Code						
.3 Name of the Owner(s)	1.					
	2.					
	3.					
.4 Legal Status	Proprietorship		Partnership		Others	
.5 Address	Office/Shop		Factory		Residence	
.6 Contact	T & T: Mobile: Fax:		T & T: Mobile: Fax:		T & T: Mobile: Fax:	
.7 Establishment Date						
.8 legal Permission	Trade License		TIN		VAT Certificate	

2. Personal Information of the Entrepreneur(S)

.1 Gender	Male		Female	
.2 Fathers Name				
.3 Mothers Name				
.4 spouse Name				
.5 Dependents (No.)	Children		Others	
.6 Age				
.7 Education				
.8 Experience				

3. Business Information

.1 Nature of Business											
.2 Name of the Product(s)											
.3 Type of Business	Manufacturing			Service							
.4 Assets & Liabilities	Totaol Assets			Total Liabilities							
.5 **Annual Production**	Products Name					Qty					
(For mentioning more number of products, additional paper can be enclosed)											
.6 Annual Sales Revenue											
.7 Nature of Sales	Wholesale(%)					Retailing(%)					
.8 Type of Sales	Cash(%)					Credit(%)					
.9 Credit Realization Period	<15 Days		<1 Month		<45 Days		<2 Months		More than 3 Months		More than 6 Months
.10 Marketing/Buyers	Local (%)			Foreign (%)					Both		
.11 Working Capital in Tk.											
.12 Source of Capital	Own (%)			Banks/NGOs (%)					Informal Lenders (%)		

4. Entrepreneurs Training Information

Number of Training Previously Received			
Details of Trainings	Name of the Training	Duration	Training Provider
(For mentioning more number of trainings, additional paper can be enclosed)			
Future Training Needs			

5. Previous Loan Information

Number of loans previously Taken				
Information of Immediate last Loan	Name of the Financial Institution			
	Loan Type		Amount	
	Interest Rate		Date of Adjustment	

6. Employment Information

	Male		Female	
	Number	Duration in Months	Number	Durat on
Full Time (in month)				
Part Time (in month)				
Temporary (hired labor)	Number of Labor	Duration in Days	Number of Labor	Duration in Days

7. Information of Current Loan

Amount Applied						
Project Information	Total project Value		Equity			
SME Sub-sector	Technology based		Agro-based/Agro Processing			
Amount Sanctioned						
Tenure in Months						
Date of Sanction						
Repayment	Weekly		Monthly		Others	
Installment Size in TK.						
Security						
Purpose of the Loan						

8. Future Plan